

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ধবিম/হ:শা:/৪-১৬/২০১৩-১৯১

তারিখ:

১১ আষাঢ়, ১৪২৯

২৫ জুন, ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি ধানসিড়ি ট্রাভেল এয়ার সার্ভিস (হজ লাইসেন্স নং-৭৩৭), ৫৫/এ, সিদ্দিক ম্যানশন (৭ম তলা), পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির ০১ জন হজযাত্রী (জনাব মো: মতিয়ার রহমান, উপজেলা: গাংনী, জেলা: মেহেরপুর) গত ২২.০৬.২০২২ তারিখ আনুমানিক ১৭.০০ টায় মদিনা শরীফে ভিক্ষা করতে গিয়ে সৌদি পুলিশের হাতে গ্রেফতার হয় এবং এ ঘটনা জানার পর বাংলাদেশ হজ মিশনের একজন কর্মী থানায় মুচলেকা দিয়ে তাকে ছাড়িয়ে আনেন; এবং


০৪। যেহেতু আপনার এজেন্সির মাধ্যমে প্রেরিত উক্ত হাজী ব্যাগ ছিনতাই হওয়ার নাটক করে ভিক্ষাবৃত্তির কারণে গ্রেফতার হওয়ায় মদিনা তথা সৌদিতে বাংলাদেশের ভাবমূর্তি দারুণভাবে ক্ষুণ্ণ হয়েছে; এবং

০৫। যেহেতু আপনার এজেন্সির এরূপ কার্যক্রমের কারণে সুষ্ঠু হজ ব্যবস্থাপনা ব্যাহত হয়েছে এবং সরকারের হজ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট নির্দেশনা উপেক্ষিত হয়েছে; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৬। যেহেতু আপনার প্রেরিত হজযাত্রীকে গাইড করার মত কোন মোনাঞ্জেম ছিল না এবং হাজীর বসবাসের বাড়ি/হোটেলও ছিল না বলে জানা যায় যা হজযাত্রী প্রেরণের শর্তের সম্পূর্ণ পরিপন্থী; এবং

০৭। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৮। সেহেতু আপনার কর্তৃক পরিচালিত ধানসিড়ি ট্রাভেল এয়ার সার্ভিস (হজ লাইসেন্স নং-৭৩৭) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৫.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

জনাব মোঃ আল মামুন

স্বত্বাধিকারী

ধানসিড়ি ট্রাভেল এয়ার সার্ভিস (হজ লাইসেন্স নং-৭৩৭)


৫৫/এ, সিদ্দিক ম্যানশন (৭ম তলা), পুরানা পল্টন, ঢাকা-১০০০

নম্বর: ধবিম/হ:শা:/৪-১৬/২০১৩-১৯১

তারিখ: ২৫.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।


২৫.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব